

বাংলাদেশ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## আবাসনের সম্পূরক ভাতা হিসেবে শিক্ষার্থীদের ‘বিশেষ বৃত্তি’ দেবে প্রশাসন

প্রতিনিধি জগন্নাথ বিশ্ববিদ্যালয়

প্রকাশ: ০৯ অক্টোবর ২০২৫, ০২: ৩২



জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছবি: প্রথম আলো

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবাসনের সম্পূরক ভাতা হিসেবে ‘বিশেষ বৃত্তি’ দেওয়ার জন্য তথ্য চেয়ে বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। ৯ অক্টোবর থেকে ২৩ অক্টোবরের মধ্যে নির্দিষ্ট ওয়েবসাইটে এ আবেদন আহ্বান করা হয়েছে।

বুধবার রেজিস্ট্রার শেখ রফিকুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অর্থ কমিটিতে ‘বিশেষ বৃত্তি নীতিমালা’ পাস হয়েছে। শিক্ষার্থীরা—

<https://scholarship.jnu.ac.bd> লিংকে গিয়ে সংযুক্ত ফরম অনুযায়ী তথ্য পূরণ করে ৯ অক্টোবর থেকে ২৩ অক্টোবর তারিখের মধ্যে এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

কোন বর্ষের শিক্ষার্থীরা বিশেষ বৃত্তি পাবেন, এ বিষয়ে জানতে চাওয়া হলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর তাজাম্মুল হক প্রথম আলোকে বলেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান শিক্ষার্থীরা বিশেষ বৃত্তির আওতাধীন থাকবে। সে হিসেবে পয়লা জুলাই ২০২৫ পর্যন্ত যাদের ছাত্রত্ব ছিল, তারা বিশেষ বৃত্তি পাবে।

বেসরকারি উদ্যোগে শায়েখ আহমাদুল্লাহর প্রতিষ্ঠান আস-সুন্নাহ ফাউন্ডেশনের পৃষ্ঠপোষকতায় ‘মেধাবী’ প্রকল্পের আওতায় কেরানীগঞ্জের হাসনাবাদ এলাকায় বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ ও ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের আবাসনের ব্যবস্থা করা হয়েছে।

আস-সুন্নাহ হল ও বিশ্ববিদ্যালয়ের একমাত্র ছাত্রী আবাসন নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী ছাত্রী হলের শিক্ষার্থীরা বিশেষ বৃত্তি পাবেন কি না—এমন প্রশ্নের জবাবে প্রক্টর অধ্যাপক তাজাম্মুল হক বলেন, ‘আস-সুন্নাহ হল ও ফয়জুন্নেসা হলের শিক্ষার্থীদের আবেদন করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন সব দিক বিবেচনা করে নির্ধারণ করবে কারা বিশেষ বৃত্তি পাবে।’

স্থায়ী আবাসনের ব্যবস্থা না হওয়া পর্যন্ত আবাসন ভাতার দাবিতে দীর্ঘদিন ধরে আন্দোলন চালিয়ে আসছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। গত ১৭ মে টানা তিন দিনের অবস্থান কর্মসূচির পর সরকার শিক্ষার্থীদের আবাসন বৃত্তিসহ তিন দফা দাবি মেনে নেয়। সেই সিদ্ধান্তের ভিত্তিতে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশেষ বৃত্তির জন্য আবেদন আহ্বান করে।

